Arghya

Presented

by

OIKYOTAN

THE TRUE ESSENCE OF BENGALI CULTURE

Souvenir

2024

Best compliments from

Ankush Kapoor

Founder and CEO,

PharmNXT BIOTECH Pvt Ltd.

From the desk of President, OIKYOTAN Trust Committee Year 2024

Dear Friends,

The year 2024 has been very satisfying to us, as we could fulfill our mission successfully this year too. I express my heartfelt gratitude for all of your kind and generous support . Special thanks to all the Corporates who have generously sponsored our program.

Celebration of Durga Puja for five days in October this year reached a new height of excellence in a completely weather protected air conditioned environment. The main purpose of this celebration is to imbibe the traditional culture and process of worshipping among the young generation. This was precisely and successfully carried out by our Ladies group.

The way young generation participated, we are sure this age old tradition and culture would be carried forward by them in coming days.

In addition to elaborate worshipping process, this year also we organized various cultural activities to help bringing out cultural talents from the family members. Again our Ladies group took initiative to organize the cultural activities. They introduced variety of programs to keep everybody fully engaged and enjoy all the five days. It is a joy to see that our effort is increasing social bondage among all.

We thank BMC authorities for granting permission and extending cooperation in conducting the puja festival in the BMC Ground. We also sincerely acknowledge the great help that we received from our respected local MLA Shri Atul Bhatkalkar and his Secretary Shri Sanjay Jaiswal in getting the permission for the BMC ground.

Continuing with our philanthropic activities this year also we would be donating through suitable NGO or Agency to provide help to the children / weaker section of the society.

Our journey is continuing and hope with your support we would be able to make more contribution to the society.

We look forward for your kind support and good wishes in this Endeavour.

With best regards.
Amitava Kaviraj
Date: 28.11.2024

Oikyotan Club Trustees

Amitava Kaviraj - President

Sanjay Ghoshal - Vice President

Debabrata Ghosh - Vice President

Abhijit Banerjee - General Secretary

Amit Sanyal - Treasurer

Sisir Guha - Trustee

Siladitya Chaudhury - Trustee

Saugata Ghosh - Trustee

Uday Shetty - Trustee

With Best Compliments

SBI MUTUAL FUND
A PARTNER FOR LIFE

From the desk of President
Puja Committee 2024

A Journey of Grandeur, Commitment, and Reflection

Joi Ma!

May Maa Durga's blessings bring strength and success to all Oikyotan members!

"Om Durga Devyaai Namah!!"

O Divine Mother Durga,
We seek your divine blessings for all the members and patrons of Oikyotan.
May your boundless strength guide us,
Your infinite wisdom enlighten us,
And your eternal protection shield us always.
Grant us unity, harmony, and success in all our endeavours.
May peace prevail in our hearts.
May our lives be blessed with good health and prosperity and heart full of compassion and kindness.
With love and reverence, we offer our prayers to you,
O Maa Durga, the embodiment of power and grace.
Bless each one of us with courage, compassion, and wisdom.

"Om Shanti Shanti Shanti!!"

As the curtains fall on the recently concluded Durga Puja 2024, I am filled with immense pride and gratitude in reflecting upon the journey Oikyotan has undertaken this year. Celebrating our 13th year of Pujo, we did so with unparalleled enthusiasm, devotion, and grandeur. Each year, our celebrations evolve, and this year was no different—marking a milestone that will be remembered for its innovative spirit and collective dedication.

This year, we have gone above and beyond to ensure that our celebrations are nothing short of exceptional. Our pandal was a masterpiece, designed to provide an immersive and memorable experience for every visitor. The fully air-conditioned and soundproof enclosure ensured that you can enjoy the festivities in comfort, without being affected by the torrential rains or Mumbai's humid weather. The pandal stands as a testament to our commitment to providing the best experience for our community, no matter the weather outside.

Our 13th Durga Puja will be etched in our hearts for several reasons.From the comfort and elegance of the air-conditioned pandal to the mesmerizing

Chandan Nagar lights that adorned our venue, every detail was a testament to the effort and commitment of the entire community. The programs we hosted were of the highest quality, and the abundance of internal talent displayed was truly awe-inspiring.



This is the true essence of Oikyotan—uniting our skills, our love for culture, and our shared values into a celebration that goes beyond religious rites and rituals.

Durga Puja is not only about rituals; it is also about creating a space for people to come together, to connect, to exchange thoughts, and to support one another. The atmosphere of bonhomie that we have fostered here is truly special. Our pandal serves as a vibrant meeting point, where old friends reconnect, new relationships are forged, and ideas are exchanged freely. It is a space where we can talk about our joys, our challenges, and our hopes for the future. As the president, it fills me with pride to see so many of you, members of our community, sharing your thoughts and experiences, strengthening the bonds that make us who we are.

I would like to take this moment to acknowledge the unwavering commitment of the Trustees, the committee members, and, of course, our pillar of strength—the ever-dedicated ladies of Oikyotan. Without their tireless contributions, none of this would have been possible. Their passion, hard work, and enthusiasm are what make this celebration a resounding success year after year. Oikyotan Durga Puja has undoubtedly become one of the most talked-about and respected Pujas in Kandivili and it is my firm belief that we are well on our way to setting the benchmark for all future celebrations in the community.

At the heart of Durga Puja is the powerful symbolism of Goddess Durga, the epitome of strength, courage, and resilience. Durga is a mother, a warrior, and a protector, and she teaches us that women are capable of limitless power and potential. This year, more than ever, we reaffirm our commitment to empowering women in every aspect of life. Whether it's through education, employment, or leadership, we are dedicated to creating spaces where women can rise, shine, and break barriers. Durga Puja is a reminder that women's empowerment is not just a cause for one day, but a lifelong commitment for all of us.

As we look ahead, we must remain mindful of the responsibility we carry. We must sustain and elevate the standard we have achieved. The road ahead will require even more dedication, innovation, and unity, but with the vision of our Trustees and the passion of our members, there is no doubt in my mind that we will continue to exceed expectations. The future of Oikyotan Pujo is bright, and together, we will ensure its continued growth and success.

While we were all immersed in the joy and reverence of our celebration, our hearts also went out to the students of R.G. Kar Medical College, who have been grappling with the aftermath of the horrific incident that shook all of us to the core. The pain and distress of that event remain with us, and our thoughts and prayers are with the students, their families, and all those affected.

Our Trust President, Mr Kaviraj poignantly reminded us during his Dashami speech that Durga Puja symbolizes woman empowerment, and as we celebrate the victory of good over evil, we must also address the harsh realities that plague our society. To ignore such pressing issues would be to ignore the true spirit of the festival. Only by

confronting these challenges can we truly honour the ideals of justice and empowerment that Durga represents.

In conclusion, this year's Pujo was not just a celebration, but a reflection of our values and the strength of our community. As we step into the future, let us carry forward the lessons of this year's celebration—both the joy and the solemn reflections—and continue to build on the legacy of Oikyotan Durga Puja for years to come.

As we immerse ourselves in the festivities, let us remember the deeper meaning of Durga Puja. It is a celebration of the triumph of good over evil, light over darkness, and knowledge over ignorance. It is a time to come together as a community, to support one another, to celebrate our shared traditions, and to uplift those who need our help the most.

I am deeply grateful to all of you for your continued participation, your unwavering support, and your unbreakable spirit. Together, we have created something truly special here in Mumbai—a celebration that is rich in culture, unity, and compassion.

Many organizations and individuals have come forward to make this endeavour a grand success. All the contributions are of immense value to us. It serves as Oikyotan building reputation. Publishing this souvenir is a humble attempt by us to respect those patrons.

May Goddess Durga’s blessings be with you all, bringing strength, peace, and prosperity into your lives.

With gratitude,
Sandeep Majumdar
President
Oikyotan Durga Puja Committee 2024

পুজো কমিটির সেক্রেটারির কলমে

প্রতি বছর আমাদের ‘ঐকতান’ এর শ্রীশ্রী দুর্গাপুজো আয়োজনের শুরুতে কিছু সংশয় ও একটা দোলাচল থাকে। কিন্তু মায়ের আশীর্ব্বাদে আমাদের সঙ্ঘবদ্ধ লোকবল, অর্থবল ও ঐক্যবদ্ধ ভাবে কাজ করার মানসিকতা সবকিছুকে ছাপিয়ে প্রতি বছরই পুজোর আয়োজন সুষ্টভাবে সম্পন্ন হয়।

পুজো সম্পন্ন হলে দেখা যায় যে প্রতি বছরই পুজোর আয়োজন বিগত বছরের চেয়ে কিছু নতুনত্বের স্বাক্ষর রাখে।

আমাদের মাতৃপূজা এবার ১৩ বছর অতিক্রম করল। এ বছর পূজামণ্ডপ ও অতিথি আপ্যায়নের জায়গা শীতাতাপ নিয়ন্ত্রিত থাকায় পূজার দিনগুলি খুবই উপভোগ্য হয়েছে। যাদের পরিকল্পনায় ও চেষ্টায় এটা সম্ভব হয়েছে তাদের সকলকে বিশেষ অভিনন্দন ও ধন্যবাদ না জানালে ব্যক্তিগতভাবে আমার কর্তব্যে অবহেলা করা হবে। এই উৎসাহ এবং উদ্দীপনা এ বৎসরের সাংস্কৃতিক অনুষ্ঠানে এক নতুন মাত্রা যোগ করেছে। এই বছরের বিশেষ আকর্ষণ ছিল বিভিন্ন রাজ্যের শাড়ির 'ফ্যাশন শো' - এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিলেন ক্লাবের মহিলা সদস্যরা; আর ছিল ফুচকা খাওয়ার প্রতিযোগিতা । আশা করি এই উৎসাহ উদ্দীপনা আগামীদিনেও একইরকম থাকবে।

পরিশেষে জানাই এই বছর আমাকে যে গুরু দায়িত্ব দেওয়া হয়েছিল, একক ভাবে তা পালন করা কখনই সম্ভব নয়। এর পিছনে ছিল সকল সদস্যদের মূল্যবান পরামর্শ ও আন্তরিক সহযোগিতা। দশমীর সন্ধ্যায় পুরস্কার বিতরণী অনুষ্ঠানটিও খুবই মনোগ্রাহী হয়েছে।

আমার লেখা শেষ করার আগে পুনরায় সকলকে অজস্র ধন্যবাদ ও গুরুজনদের সশ্রদ্ধ প্রণাম জানাই ।

শুভেচ্ছা সহ
শিলাদিত্য চৌধুরী

Oikyotan Pujo Committee 2024

President:

Sandeep Majumdar

General Secretary:

Siladitya Chaudhuri

Treasurer:

Amit Sanyal

Joint Treasurer :

Hitendra Ash

Sub committees

Puja Committee - Banani Kaviraj, Sharmila Ghosh, Shikha Naskar, Krishna Nabajja, Shailesh Nabajja

Pandal Committee - Debabrata Ghosh , Aditi Ghosh Uday Shetty , Meghna Shetty , Abhijit Chakraborty

Bhog Committee - Siladitya Chaudhuri, Bijayesh Ghosh, Satya Saran Mandal

Cultural Committee - Debjani Basu Mullick , Dipannita Banerjee, Anuradha Majumdar, Shilpi Ash

Publicity/Digital/Marketing - Debabrata Ghosh, Sujit Guin, Sudeshna Ghoshal, Preeti Naskar Pandey.

Durga Agoman / Bisarjan Committee - Sisir Guha, Mrityunjay Pandey , Nirmalya Malakar,Sujit Guin

Permission Committee - Mrityunjay Pandey, Preeti Naskar Pandey.

Collection Committee - Reena Guha , Ladies & Gents group

Ground Maintenance - Saugata Ghosh

Anandomela - Sudeshna Ghoshal

Souvenir - Debjani Basu Mullick

Best Compliments From

Garden®

VARELI

Work desk

Bengali and English Editorial -
Debjani Basu Mullick

Digital Setting and Designing -
Digital Diaries

Correspondence -
Saugata Ghosh
Hitendra Ash
Preeti Naskar

Photography Courtesy -
Waghela Prashant J and members of Oikyotan

Photography Compilation -
Debjani Basu Mullick

Planning and Compilation -
Debjani Basu Mullick

Presented by : Oikyotan

সূচিপত্র / Index

Page No.

সম্পাদকীয় /A note from the Editor — 23
Debjani Basu Mullick

Sketch - Debasree Malakar — 27

বয়োজ্যেষ্ঠদের কলমে

ত্রয়োদশ বছরে ঐকতান-এর দুর্গাপুজো ২০২৪ — 35
নির্মলেশ আদক

এ কোন্ অন্ধকার — 39
অনুশ্রী আদক

ভালবাসার শিউলি — 40
বনানী কবিরাজ

নতুন প্রজন্মের তুলিতে ও কলমে

Painting — 49
Yashveer Pandey

Remembering Maa — 50
Diya Malakar

Mandala Art — 52
Diya Malakar

Painting — 53
Nidhi Malakar

Page No.

নবীন সদস্যদের তুলিতে ও কলমে

Painting 61
Munmun Pal

পুজোর সেই পুরনো ছোঁয়ায় 62
শর্মিষ্ঠা পুরকায়স্থ

কাছে-পিঠে

এক চিলতে সুখ 76
পত্রালী চৌধুরী

My Dream Gateway 80
Preeti Naskar

বাংলার হেঁসেল থেকে

Kochur Saag with Ilish Head 90
Sikha Naskar

চিংড়ি পিঠে 92
দেবশ্রী মালাকার

Best Compliments
From

श्री
Laxmipati®
SAREES
AN OEKO-TEX® CERTIFIED FABRIC

সম্পাদকীয়

শারদোৎসবের দিনগুলিতে দেবী দুর্গার পায়ে নিবেদিত হয় অর্ঘ্য। আর পুজোর পরে প্রতি বছরের মত মায়ের আশীর্বাদে প্রকাশিত হল ঐকতান ক্লাবের e-magazine " অর্ঘ্য "। ঐকতান ক্লাব উদযাপন করল ত্রয়োদশ বৎসরের দুর্গা পুজো আর দেখতে দেখতে "অর্ঘ্য "র বয়স হল তিন।

ঘড়ির কাঁটা এগিয়ে চলে, রাত দিনের চক্র ঘুরতে ঘুরতে ঋতুর পরিবর্তন হয়, বর্ষা শেষে ফিরে আসে বহু আকাঙ্ক্ষিত শরৎ কাল। বর্ষা শেষ হোক বা না হোক, আকাশে পেঁজা তুলোর মত মেঘ দেখা যাক বা নাই যাক, ঠিক সময় ঢাকের বাদ্যি বেজে ওঠে , ঠিক সময় ঠাকুর গড়া শেষ হয় - মা আসেন নির্দিষ্ট সময়ে। এই বছরও তার কোন ব্যতিক্রম ঘটে নি। মা এসেছেন তাঁর সন্তানদের সঙ্গে নিয়ে আর এই ধরিত্রীর সন্তানরা আনন্দে মেতে উঠেছে।

পুজোর পাঁচ দিন আনন্দে মেতে ওঠার জন্য প্রস্তুতি চলে দুই মাস ধরে। সে এক হৈ হৈ কান্ড। আর এই কর্মযজ্ঞের জন্য প্রয়োজন হয় মূলধন। এই মূলধনের বেশির ভাগ আসে বিভিন্ন ব্যবসায়িক প্রতিষ্ঠান থেকে। এই সকল প্রতিষ্ঠানের সাহায্য ব্যতীত এই বিশাল কর্মযজ্ঞের সাফল্য সম্ভব নয়। তাই ধন্যবাদ জানাই সেই সকল প্রতিষ্ঠানকে যারা তাদের সাহায্যের হাত

বাড়িয়ে দিয়েছেন। আর ধন্যবাদ জানাই সেই সকল সদস্যকে যারা এই ব্যবস্থা করেছেন। ধন্যবাদ জানাই সকল সদস্যকে যারা তাদের দৈনন্দিন ব্যস্ত কর্মসূচি থেকে মূল্যবান সময় বের করে এই বিশাল কর্মকান্ডকে সাফল্যমন্ডিত করার জন্য অক্লান্ত পরিশ্রম করেছেন।

বয়োজ্যেষ্ঠ কিম্বা নতুন প্রজন্ম অথবা নতুন সদস্যরা একসাথে পুজোর কয়েকটা দিন যেভাবে আনন্দে মেতে ওঠেন, ঠিক সেই ভাবে তারা এগিয়ে এসেছেন - তাদের চিন্তা-ভাবনা নিজেদের মত করে কখনও বা লিপিবদ্ধ করেছেন, আবার কখনও হাতে ধরেছেন তুলি। সেই সকল লেখা ও ছবি একত্র করে ঐকতান ক্লাবের আজকের এই e-magazine " অর্ঘ্য " নিবেদিত হল দেবী দুর্গার শ্রী চরণে। " ঐকতান" ক্লাব তার নামকে সার্থক করে এই ভাবেই এগিয়ে চলুক আগামী দিনে।

শুভেচ্ছা সহ
দেবযানী বসু মল্লিক

Editorial

Debjani Basu Mullick

It was the 9th of August 2024, the media was overflowing with the news of a brutal rape and murder of a doctor on duty in a renowned hospital in Kolkata. From then on, probably the only news on media was about this case- the protests, processions, strikes of doctors and proceedings of the case . The City of Joy faced a turmoil over months and not only women, but each and every citizen of Kolkata was mentally shattered. The case affected not only the people of Kolkata or West Bengal but the protests continued in different cities of India and abroad.

Incidentally this was also the time for festivity of the Bengalees and the preparations and planning had already started for Durga Puja not only in Kolkata but everywhere.With the everyday

news of strikes and protests pouring in from Kolkata, it was very difficult to concentrate in the planning process. But as we wait for Ma Durga's arrival throughout the year, we, as the Bengalee community always try our best to make this event a success and get fully immersed in the festivity. As the days passed by, we tried to engage ourselves in our respective duties for making our club's Durga Puja , a festival for all to enjoy.

Oikyotan Club celebrated its 13th Durga Puja this year and I take the opportunity to thank all sponsors and members without whose support and relentless hard work, nothing would have been possible.

With the blessings of Devi Durga, here we present the 3rd issue of “Arghya”, our e-magazine and wish the journey of Oikyotan Club continues year after year.

Debasree Malakar

পুজো শুরু

2nd October 2024

মহালয়া

খুঁটি পুজো

7th October 2024

চতুর্থী

নাড়ু বানানো

8th October 2024

পঞ্চমী

পুজো উদ্বোধন

8th October 2024

পঞ্চমী

আনন্দমেলা

বয়োজ্যেষ্ঠদের কলমে

Best Compliments From

Best Compliments

from

GLS®

REALTY PVT. LTD.

নির্মলেশ আদক

ঐকতান ঐকতান ঐকতান
দ্যুলোক ভূলোক গোলক মাতিয়ে
উঠছে তান - ঐকতান।

ভুলে ভেদাভেদ সাম্যবাদ
উঠছে আওয়াজ ঐকতান
বছর পরে আসছেন মা
সমস্বরে সবাই করে আহ্বান।

কাশের বনে হিমেল হাওয়া
শিউলি ফুলের গন্ধ
শরৎ শোভায় মা আসছেন
জগৎ জুড়ে আনন্দ।

ঢ্যাং কুড়াকুড় বাদ্যি বাজে
ঢাক ঢোল কাঁসর বাজে-
শঙ্খ ধ্বনিতে মন মাতাল
জয় মা দুর্গায় উথাল পাতাল।

মা আসছেন দোলায় চেপে,
বড়ই আরাম প্রিয়-
শাস্ত্র মতে দুর্ভোগ পিছে
সাবধানেতে রহো ।

প্রাকৃতিক বা সামাজিক
মা-ই দেবেন সামাল ,
অসুরদের শাস্তি দিয়ে
ফিরিয়ে দেবেন হাল।

নানান অবতারে মায়ের পুজো
বিপুল আয়োজনের সমাহার
পঞ্চমীতে স্কন্ধমাতা
হলুদ রং-এর সাজের বাহার।

পঞ্চমীতে হয়েছে উদ্বোধন
মায়েদের হাত ধরে -
মা-মেয়েদের যুগলবন্দী
দেখলাম নয়ন ভরে।

ষষ্ঠীতে মা দেবী কাত্যায়নী
সবুজে সাজেন ত্রিনয়নী -
সপ্তমীতে ধূসর রঙে
পূজিত মা কালরাত্রি।

অষ্টমীতে মা মহাগৌরী,
বেগুনী রঙে রঙিন -
নবমীতে সিদ্ধিদাত্রী
ময়ূরী সবুজে আসীন।

দশমীতে মা বিদায় নেবেন
ছাড়তে ভক্তরা নারাজ
এয়োতিরা মাতে সিঁদুর খেলায়
সাদা লালে সাজ।



বিদায় তবু দিতেই হবে
কৈলাস থেকে আসছে ডাক
নীলকন্ঠ পাখি হাজির হয়ে
পথ দেখিয়ে নিয়ে যাক।

মোদের হোক পাপমুক্তি
হোক ইচ্ছাপূরণ
বছর ভর অপেক্ষায় থাকব
করতে সদলে দেবীবরণ।

মা ফিরছেন হস্তীতে চেপে,
দিয়ে গেলেন সুসংবাদ
শান্তি সমৃদ্ধি আসছে ফিরে-
মিটিয়ে ফেল সব বিবাদ।

ঐকতান হোক সংঘবদ্ধ
ভিন্ন মতাবলম্বীরা এস ফিরে
মান অভিমান দূরে রেখ
আদর করে নিচ্ছি ঘরে।

ঐকতান ভোলে নি জনসেবা
অনাথের সাহায্যে বাড়িয়েছে হাত
পীড়িতের সেবায় পাশে দাঁড়িয়ে
পেয়েছে মায়ের আশীর্বাদ।

এমনি করে এগিয়ে যাবে
দৃঢ় প্রতিজ্ঞ ঐকতান
দুঃস্থ, আর্ত, সমাজ সেবায়
নিয়োজিত প্রাণ ঐকতান।

কামনা করে সকলের তরে
সুস্থ ও সুন্দর জীবন
শারদীয়ায় প্রীতি ও শুভেচ্ছা
ঐকতান জানায় অভিনন্দন।।

এ কোন্ অন্ধকার

অনুশ্রী আদক

মধ্যদিবার এ কি পরিবেশ
অমাবস্যা রাত্রির অন্ধকার
অস্বস্তিতে জ্বলে দেহ-মন
চারদিকে কাতর হাহাকার।।

বধির হলেও সদা কানে বাজে
শিবা উলূকের চিলচিৎকার
অশ্রু কপোল ভাসিয়ে নামে
বসন সিক্ত একাকার।।

ঘ্রাণে পোড়া পোড়া গন্ধ
বিঘ্নিত শ্বাস প্রশ্বাস
অতৃপ্ত আত্মার নিশির ডাকে
বিশ্বজনীন বহিঃপ্রকাশ। ।

তির্যক চাহনি করুণ আর্তনাদে
আকাশ বাতাস মথিত
সুবিচার চেয়ে প্রতিবাদীস্বর
দানবগড় মহাশঙ্কিত।।

অধরা সূক্ষ্ম আলোর হাতছানি
নাগালের বাইরে যায় হারিয়ে
আলেয়ার আলোকে ধরতে ছুটলে
দূর দূরান্তে যায় মিলিয়ে।।

ভালবাসার শিউলি

বনানী কবিরাজ

জানো, তোমার লাগানো জুঁইগাছে
অনেক কলি এসেছে।
আর কিছুদিন পর সারা গাছ
সাদা সুগন্ধিত ফুলে ফুলে ভরে যাবে।

তারপর একদিন সব ফুল ঝরে যাবে-
কিন্তু মনে রেখে যাবে তার সুগন্ধ
ঠিক ভালবাসার মত;
ভালবাসা পুরোন হয় কিন্তু তার সুগন্ধ রেখে যায়,
সেই তো হয় সারা জীবনের সঞ্চয়।
কখনও কখনও দমকা হাওয়ায় ভেসে আসা
সেই ঘ্রাণ মনকে করে এলোমেলো।

চাঁদনী রাতে সানাই-এর সুর শুনে
মাথা খুঁড়ে মরে সেই ভালবাসা,
পদ্মগন্ধ ভরা সেই সুপ্ত ভালবাসা
শিউলি ছড়ানো ভোরে হাওয়ায়
ওড়ায় তার রঙীন আঁচল-
কোন বৃষ্টিভেজা রাতে চোখের জল হয়ে,
ঝরে সেই না বলা ভালবাসা।।

9th October 2024

মহাষষ্ঠী

দেবীর বোধন সমাপনে

মহাষষ্ঠীর সন্ধ্যা (নৃত্যানুষ্ঠান)



মহাষষ্ঠীর সন্ধ্যা (নৃত্যানুষ্ঠান)



10th October 2024

মহাসপ্তমী

কলা বৌ স্নান ও কিছু মুহূর্ত

10th October 2024
মহাসপ্তমী



Magical Burmans presented by In- house talents

In the evening- the team after program of musical maniacs

নতুন প্রজন্মের

তুলিতে ও কলমে

With Best Compliments

SENCO

UFLEX
'A part of your daily life'
UFlex Wishes you a
HAPPY
Durga Puja
May your celebrations be as vibrant as Maa Durga's triumph!

Yashveer Pandey

11 Years

Remembering Maa

Diya Malakar
11 Years

Once there lived a girl named Nira who was under a spell. Nira said to the witch that she did not have any faith in God . Nira thinks that being religious is very outdated.

One day when Divya, Nira's friend was taking a stroll, she came across Nira looking at the poster and asked, "Who is she?"
Divya walked towards her and said, "That is Maa Durga and she is our goddess."
Nira said,"I don't know her."
Divya took her by her arm and said,"Come, let me show you."

When they reached, Nira was smitten by the grandeur looks of the pandal. Divya showed her the magnificent statues of Maa Durga along with Maa Saraswati and Maa Lakshmi with Ganesh ji and Kartik ji by their sides. The flowers were blooming and the dhol was beating along with their heart beats, Nira smelled the fresh sweets at the table and

there was a bustling crowd of people roaming around. Nira and Divya were pottering around and looking at the bric-and-brac. Suddenly Nira's head started aching. Divya suggested,"Maybe, you must be hungry after looking at the sweets."

Divya dragged her to the food stalls. Nira was overwhelmed by various delicious scents but the fish fry stood out the most to her. Nira drifted in a dream-like state and she got flashbacks of her mother draping her Kantha saree, her father blowing the conch shell, the faint ringing of the temple bells and the sizzling of the fish fry.

As the memories flooded the curse started lifting away. Soon her headache vanished and when Nira looked around she recognized this auspicious time of the year right away. Divya beamed at her old friend and they both went hopping around the rest of the pandal.

Mandala Art

Diya Malakar

11 Years

Nidhi Malakar

7 Years

11th October 2024

মহাষ্টমী

সন্ধি পুজো

মহাষ্টমী সন্ধ্যা

ক্ষ্যান্তবুড়ির রোজনামচা

শ্রুতিনাটক দল

"Confluence "
A Jugalbandi of
Fashion Parade and Dances
(An Ode to Maa Durga)

নবীন সদস্যদের

তুলিতে ও কলমে

Best Compliments

from

Shree Durga
Syntex Pvt.Ltd.

Growth Is Our Way

With Best Compliments

A Well Wisher

With Best Compliments

A Well Wisher



Munmun Pal

পুজোর সেই পুরনো ছোঁয়ায়...

শর্মিষ্ঠা পুরকায়স্থ

শিউলির গন্ধ, কাশফুলের দোলা, হাওয়ায় পুজো পুজো গন্ধ – এসবই প্রবাসী বাঙ্গালীদের জন্য স্বপ্ন-সম! পুজোয় সেই পরিবেশের ছোঁয়া পেতে মনটা কেমন আনচান করে! এ তো কেবল পুজো নয়, এক গভীর আবেগ; বাংলার বাইরে যাঁরা থাকেন , বিশেষত পশ্চিম কিংবা দক্ষিণ ভারতে, কোন কোন বাঙ্গালী তো জানতেই পারেন না পুজো কখন এল আর কখন চলে গেল! যখন অষ্টমীর অঞ্জলি চলছে, সে হয়ত কম্পিউটার-স্ক্রীনের সামনে, বা বসের সাথে মিটিং করছে। পুজোয় তো ছুটিই নেই...তাই মন খোঁজে সেই পরিবেশ, সেই আনন্দ !

এখন বলি আমার কথা – আমি গত দুই দশকের বেশি মুম্বাইতেই বাস করি, মুম্বই শহরের দুর্গাপুজোর আবহ, বাঙালিদের জন্য এক বিশেষ আকর্ষণ তৈরি করে, বিশেষ করে কান্দিভেলি ঠাকুর কমপ্লেক্সে, ঐকতান ক্লাবের দুর্গাপুজো। এই বছর এই পুজো দেখার সুযোগ হয়ে গেল হঠাৎই আর তখনই মন ছুঁয়ে গেল।

এই পুজো শহরের বুকে এক টুকরো বাঙালিয়ানা তুলে ধরে, যা শুধু বাঙালি নয়, অবাঙালিদের কাছেও সমান জনপ্রিয়। এই পুজোর আয়োজনের মধ্যে এক ধরনের আন্তরিকতা ও উষ্ণতা রয়েছে, যা একে বিশেষ করে তোলে।

কলকাতার ছোঁয়া, মুম্বইয়ের বুকে:

ঐকতান-এর দুর্গাপুজা এমনভাবে আয়োজিত হয়, যা মনে করিয়ে দেয় কলকাতার দুর্গাপুজোর কথা। কলকাতার ঐতিহ্যবাহী প্যান্ডেলের থিম, মা দুর্গার প্রতিমার নিখুঁত সৌন্দর্য আর সাজসজ্জার মধ্যে দিয়ে মুম্বইয়ের বাঙালিদের মনে কলকাতার স্মৃতিকে ফিরিয়ে আনে।

খাঁটি বাঙালি ভোগ এবং খাদ্যের স্বর্গ :

বাঙালির পুজো মানেই যেন খাওয়াদাওয়ার মহোৎসব। ঐকতান-এর দুর্গাপুজোয় খাঁটি বাঙালি ভোগ পরিবেশিত হয়, যাতে কোনদিন থাকে খিচুড়ি, লাবড়া, পায়েস, এবং বিভিন্ন ধরনের ভাজা, আবার কোনদিন থাকে পোলাও , তো কোন দিন ভাতের সঙ্গে বিবিধ আয়োজন। এই ভোগের স্বাদ বাঙালিদের কাছে পুজোর অন্যতম আকর্ষণ। এছাড়াও এখানে বিশেষভাবে খাবারের স্টলগুলো বসানো হয়, যা মুম্বইয়ের বুকে বসে বাঙালির ঐতিহ্যবাহী খাবারের স্বাদ উপভোগের এক অসাধারণ সুযোগ দেয়। এই স্টলগুলো শুধু বাঙালিদেরই নয়, সকল দর্শনার্থীদের কাছে অত্যন্ত জনপ্রিয়।

সংস্কৃতির বৈচিত্র্যময় প্রদর্শনীঃ

ঐকতান-এর দুর্গাপুজো শুধুই একটি ধর্মীয় উৎসব নয়, এটি সাংস্কৃতিক ঐতিহ্যের এক মেলবন্ধন। প্রতি সন্ধ্যায় এখানে আয়োজিত হয় নানা সাংস্কৃতিক অনুষ্ঠান। রবীন্দ্রসঙ্গীত, লোকসঙ্গীত, শাস্ত্রীয় নৃত্য, নাটক এবং আধুনিক বাংলা গানের

অনুষ্ঠান থাকে, যা বাঙালি দর্শকদের মন ছুঁয়ে যায়। তবে শুধু বাংলা অনুষ্ঠান নয়, সর্ব ভারতীয় দর্শকদের কথা মনে রেখে হিন্দী গান ও নাচের অনুষ্ঠানও হয়। কখনও কখনও বিখ্যাত শিল্পীরা অংশগ্রহণ করেন, যা অনুষ্ঠানের মান আরও বাড়িয়ে তোলে।

আন্তরিক আতিথেয়তা এবং সমন্বিত বন্ধন:

ঐকতান-এর দুর্গাপুজো পরিচিত তার আন্তরিক আতিথেয়তার জন্য।এখানে বাঙালি-অবাঙালি নির্বিশেষে সকলেই স্বাগত। ক্লাবের সদস্যরা প্রত্যেক অতিথিকে নিজের পরিবারের মতোই মনে করে আপ্যায়ন করেন।

ছোটদের জন্য শিক্ষামূলক অভিজ্ঞতা:

এই পুজো ছোটদের জন্য এক বিশেষ অভিজ্ঞতার সুযোগ তৈরি করে। তারা এখানে পুজোর রীতিনীতি শিখে, পুজোর আয়োজনে সাহায্য করতে পারে এবং সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নিতে পারে। এর মাধ্যমে ছোটরা পুজোর মাহাত্ম্য এবং বাঙালি সংস্কৃতির বিভিন্ন দিক সম্পর্কে জানতে পারে।

ভালোবাসা, বন্ধন এবং স্মৃতিময় মুহূর্ত:

ঐকতান-এর দুর্গাপুজো সকলের জন্য এক স্মৃতিময় অভিজ্ঞতা। এটি এমন এক উৎসব যেখানে মানুষজন একত্রে হাসি-মজা করে, প্রার্থনায় অংশ নেয় এবং একসঙ্গে বসে খাওয়ার আনন্দ উপভোগ করে। এইপুজোর প্রতিটি মুহূর্ত যেন পরিবারের সবার জন্য স্মৃতিময় হয়ে ওঠে, এবং এর মধ্যেই তৈরি হয় ভালোবাসা ও বন্ধন। পুজোর শেষে, প্রতিমা বিসর্জনের সময় সকলের চোখে এক বিষাদের ছাপ ফুটে ওঠে, যা এই পুজোর প্রতি তাদের গভীর ভালোবাসার পরিচায়ক।

ঐকতান-এর দুর্গাপুজো শুধুমাত্র একটি ধর্মীয় অনুষ্ঠান নয়, এটি এক আবেগ, যা বাঙালিদের মধ্যে ঐক্য ও ভালোবাসার বার্তা পৌঁছে দেয়। তাই আমি তাদের একজন হয়ে যেতে চাই।

12th October 2024

মহানবমী

হোম ও কুমারী পুজো

Weaves of Tradition
(draped in diversity, united in spirit)

Fashion Show
by the ladies team of
Oikyotan

নবমী ভোগ

মহানবমী সন্ধ্যা

Abhigyan Das- live in concert!

কাছে-পিঠে

With Best Compliments

With Best Compliments

A Well Wisher

With Best Compliments



With Best Compliments
A Well Wisher

With Best Compliments

A Well Wisher

এক চিলতে সুখ

পত্রালী চৌধুরী

শেষ কবে ট্রেনে করে কোথাও বেড়াতে গিয়েছি, মনে পড়ছে না ঠিক ....তাই মনে একটু টেনশন ছিল স্বীকার করতে লজ্জা নেই। ও হ্যাঁ, বলাই হয়নি, আমার মেয়ে এখন ইঞ্জিনিয়ারিং পড়তে জয়পুরে একটি কলেজে ভর্তি হয়েছে। তাই পুজোর পরেই ফাঁক পেয়ে মেয়ের সাথে দেখা করতে যাওয়া । পুজোটা কাটল ঠিকই, কিন্ত আনন্দ ছিল না মোটেই। এই প্রথমবার মেয়েকে ছাড়া পুজো কাটানো।

সন্ধ্যা ৭:৩০ এ ট্রেনে যাত্রা শুরু...কখন দুপুর ১২টা বাজবে তার অপেক্ষা। নামলাম জয়পুর স্টেশনে। জয়পুর **"pink city"** নামে বিখ্যাত, কিন্ত সূর্যদেবের প্রকটে আমি তো পুড়ে কালো হয়ে গেলাম। হোটেলে পৌঁছে এবার অপেক্ষা, তিন ঘন্টা..........বেল বাজল , ছুট্টে গিয়ে দরজা খুলি , সন্তান যখন মায়ের বুকে আছড়ে পড়ে তাতে যা শান্তি , পৃথিবীর কোনো ঐশ্বর্যের সঙ্গে তার তুলনা হয় না।

যাই হোক , আমরা সঙ্গে সঙ্গেই প্ল্যান করে নিলাম। তিন দিন আছে হাতে, আমরা কি কি করব, কোথায় কোথায় ঘুরব। আমার স্বামীর চাকরির শুরুতে আমরা ২০০৪ এ জয়পুরে থাকতাম, কিন্ত তখন আমার মেয়ে 'তিতলি' উড়ে এসে বসেনি আমার কোলে, তাই অনেকদিন ধরেই আমার ইচ্ছে ছিল জয়পুর শহর আমি একা ওকে নিয়ে ঘোরাব ।

ওরও খুব ইচ্ছে "আমার আসার আগে তোমরা কোথায় থাকতে আমায় দেখাও"........খুব নস্টালজিক, সদ্য বিয়ের পর সংসার..... কি না সুখ......সেই সুখের গন্ধ পেতে আমিও তাই খুব আগ্রহী। ওহ্.......গিয়ে হতাশ !! শুধু পার্কটা ছাড়া সব বদলে গেছে। অনেকটা " সোনার কেল্লার মুকুল" -এর মতো মনের অবস্থা !

নিজেদের পুরনো জায়গা দেখার পালা শেষ হতেই প্ল্যান অনুযায়ী শুরু হয়ে গেল জয়পুর দর্শন। প্রথমেই দেখলাম " সিটি প্যালেস"। জয়পুরের এই সিটি প্যালেস হল একটি রাজকীয় বাসস্থান এবং এই রাজ্যের শাসকদের প্রাক্তন প্রশাসনিক সদর দফতর।



সিটি প্যালেসের পরে আমাদের গন্তব্য ছিল "আমের কেল্লা" বা " অ্যাম্বার ফোর্ট " । কাছওয়াহা রাজপুতরা এই কেল্লা নির্মাণ করেছিলেন এবং জয়পুরের আগে এটি ছিল তাদের শাসনকেন্দ্র। এই কেল্লা নির্মাণ শুরু হয় ১১ শতকে এবং এই কেল্লাটি তৈরি করতে প্রায় ১০০ বছর সময় লেগেছিল। রাজপুত -মুঘল স্থাপত্যের এই অসাধারণ উদাহরণ দেখতে এসে মন ভরে গেল। আহা..........কি সৌন্দর্য, এই জায়গাতেও কেউ যুদ্ধের কথা ভাবতে পারে !! "সীশ মহল" ঘুরতে ঘুরতে কিছুক্ষণের জন্য নিজেকে রানীর মতো অনুভব করতে মন্দ লাগছিল না। রাজস্থানে গেলেই বেশ একটা রাজকীয় ব্যাপার চলে আসে, মানি ব্যাগে হাত দিলেই স্বপ্নটা ভেঙে যায় যদিও।



"শীলা মাতা"র মন্দির দেখে বাঙালি হয়ে একটু গর্ব বোধ হচ্ছিল বৈ কি । বাংলাদেশ থেকে মূর্তি এনে এখনও বাঙালি পুরোহিত পুজো করেন।

এবার আরও একটি কেল্লা- “নাহারগড় ফোর্ট" । এই দুর্গটির আসল নাম ছিল সুদর্শনগড় ফোর্ট। তবে পরে নাম বদলে নাহারগড় রাখা হয়, যার অর্থ ”বাঘের আশ্রয়"। নাহারগড় ফোর্টে-এর নির্মাণ কাজ শুরু করেন জয়পুরের তৎকালীন মহারাজা স্বয়াই জয় সিং। এই দুর্গটি তৈরি করা হয়েছিল রাজ পরিবারের শিকারের জন্য আশ্রয়স্থল হিসেবে। নাহারগড় ফোর্ট, আমের ফোর্ট এবং জয়গড় ফোর্ট একসঙ্গে জয়পুর শহরের প্রতিরক্ষার জন্য একটি শক্তিশালী প্রতিরক্ষা বেষ্টনী গঠন করেছিল। এই দুর্গের প্রাচীরগুলি জয়গড় ফোর্ট পর্যন্ত বিস্তৃত ছিল, যা জয়পুর শহরের চারপাশে প্রতিরক্ষা প্রদান করত। এই দুর্গের মধ্যে রয়েছে বিশ্বের বৃহত্তম চাকাযুক্ত কামান । এই কেল্লা জয়পুর শহরের রক্ষণাবেক্ষণের জন্য কতটা গুরুত্বপূর্ণ তা জানা সত্ত্বেও, স্থাপত্য হিসেবে তিতলি বা আমার কারও মন কাড়তে পারল না।

টুকটাক কেনাকাটা, রাজস্থানের বিখ্যাত লাল মাস কিম্বা পেঁয়াজ কচুরি - বাদ যায় নি কিছুই। এসবের মধ্যে কোথা দিয়ে যে তিনটে দিন কেটে গেল বুঝতেই পারি নি। পরের দিন হোটেলের দরজায় হাজির হল দুজনের দুটো গাড়ি । তিতলি ফিরে গেল হোস্টেলে আর আমি স্টেশনে - এবার আর কোন কেল্লা নয় , গন্তব্য মুম্বাই। মনে একদিকে মেয়েকে ছেড়ে ফিরে যাওয়ার দুঃখ ও অন্যদিকে এক রাশ সুখ স্মৃতি।

My Dream Gateway

Preeti Naskar

All Mumbaikars like me have visited Lonavla and Khandala a number of times. But before talking about My Dream Gateway, let me tell you a little about Lonavla.

Lonavla and Khandala are twin hill stations, 622 meters (2041 ft) above sea level in the Sahyadri ranges in the Pune District of Maharashtra which is known for it's lakes, forts , natural beauty adventure activities and historical sites. The best thing is during the Monsoon season the hills are covered with greenery and the waterfalls are full of life.

Now its time to talk about my dream gateway "Upper Deck Resort". This Resort is situated at a height of 2500 feet above the sea level and is on the highest peak of Lonavla. This Resort overlooks the Valvan Reservoir and the Historic Rajmachi Fort. The location is truly incredible and unbelievable. Their furnished rooms offering breathtaking views of the beautiful flora and majestic low flying clouds. This Resort is also within trekking distance of a plethora of natural and historical place like Rajmachi Fort, Pawna lake, Turngarali Dam, Famous Buddhist Caves Karla, MTDC Waterpark.

I came to know of this place from you tube videos and vlogs and was planning for a long time to visit this place. Though we could not make it during the monsoon, it was the 24th May 2024, when Mumbai and even Lonavla was hot and humid,we finally visited the place.

It was a 3 day and 2 nights trip with my family. As we reached the resort , welcome drink was served and the mesmerizing ambience made us forget the hot and humid weather. After that we had delicious finger leaking buffet Lunch which was included in our package . After lunch we took rest for sometime. In the evening time we came all the way down from the Resort.

We explored the local market, packed some chikkis, fudge, sharbat (a trip to Lonavla remains incomplete without buying these stuff). But going back to the resort in the evening was a big challenge because of bad roads and height. Anyways, my husband managed it and we were back to the Resort safely.

Next Day we all got up early in the morning, had a quick breakfast and left the Resort around 8.am. Then after one and half hour drive we reached our destination Pawna Lake. We all did boating there. It was great fun. After that we all took blessings from Ekvira Temple.Then around 1.00 pm we had our lunch at a renowned Restaurant 'Shauryawada'. After that we visited the Wax Museum. Around 3.30 pm we reached our hotel and after having some rest around 4.30 pm we all did swimming for two hours and had a blast.



Our trip was about to end , so the last evening we did a party with some non vegetarian snacks, drinks with lot of dance and music and at around 10.30pm we had our dinner. We all chatted till midnight before we went to sleep. It was a real good time with family - my husband, parents, nephew , sister in law.

Next morning we were feeling very sad as we were leaving the Resort . Visiting the "Upper Deck Resort" was a dream come true for me. It was a heart's content spending quality time at the resort with family. We were back home in the afternoon with memories that we will cherish forever.



13th October 2024
দশমী

13th October 2024

দশমী

সিঁদুর খেলা ও বিসর্জন

বাংলার হেঁসেল থেকে

With best compliments

AU

AU SMALL FINANCE BANK

With best compliments

Peerless™ one

Kochur Saag with Ilish Head

Sikha Naskar

Ingredients :

- Kochur Saag - 1kg
- Ilish Fish Head(Matha) - 4
- Green Chilly (whole) - 4
- Red Chilly (whole) - 4
- Bay Leaf -3
- Paanch Phoran - 1 teaspoon
- Haldi - 1 tea spoon
- Salt - as per taste
- Sugar - as per taste

Process:

First wash the Kochu Saag 3 to 4 times and clean it properly. Then cut it in medium size pieces and boil for 15 mins. Keep the boiled Saag aside. Then take Macher Matha (Ilish head) and wash it properly , add Salt and Haldi powder .

Heat the pan and put some oil and fry the Macher Matha (Fish head) properly and keep aside. Then again put some oil in the same pan. Heat the oil properly, put 3 Bay Leaves, 1spoon Paanch phoran, 4 Green Chillies and 4 Red Chilly (Whole) - fry all the ingredients properly. Then put boiled Kochur Saag in the pan and mix it well for 15 mins. When oil separates from the mix, add haldi and salt as per taste. Again mix it well. Then break the Macher Matha (Fish head) into pieces and add in the pan and mix it well. Then in low flame stir it for 10 mins continuously. Add half spoon of sugar and again mix it for another 2 mins and put the flame off.

Serve kochur saag with Ilish head with steamed Rice .

চিংড়ি পিঠে

দেবশ্রী মালাকার

পুজোর ঘন্টা বাজা শেষ কিন্তু খাওয়া দাওয়া কি শেষ হয়! তাই আজকে একটা রেসিপি নিয়ে চলে এসেছি। এই রান্নাটা শিখেছি আমার মামী শাশুড়ির কাছ থেকে। পিঠে তো শীত কালে সবাই খাও, কিন্তু কখনও কি চিংড়ি পিঠে খেয়েছ? অদ্ভুত লাগছে না? কিন্তু অসাধারণ খেতে! গরম গরম ভাত দিয়ে একদম জমে যাবে। তোমাদের জন্য রইল এই সুস্বাদু বাঙালি রেসিপি।

উপকরণ

- ৫০০ গ্রাম মাঝারি আকারের চিংড়ি মাছ
- 1টি নারকেল - কোরানো
- 12টি গোটা কাঁচালঙ্কা
- স্বাদমতো নুন
- 1/2 চা চামচ হলুদ গুঁড়ো
- 3 টেবিল চামচ সরিষার তেল
- 2 চা চামচ শুকনো লঙ্কা গুঁড়ো
- 5-6 টা কলাপাতা (বড়ো করে কাটা)



এটি খুব সহজ রান্না কিন্তু একটু সময় সাপেক্ষ।

প্রণালী:

চিংড়ি মাছগুলোকে প্রথমে ভালো করে ধুয়ে ছাড়িয়ে নিতে হবে। এরপর সেগুলোকে জল ঝরিয়ে রেখে দিতে হবে।

এবার পরিমাণ মত নুন , হলুদ, গোটা কাঁচালঙ্কা আর কুরিয়ে রাখা নারকেলের সঙ্গে চিংড়ি মাছের সঙ্গে একসাথে পেস্ট করে নিতে হবে। এই পেস্টটা মিক্সি তে করলেই হবে, তবে আমি সিলে বাটাই পছন্দ করি। এবার তার সঙ্গে পরিমাণ মতো শুকনো লঙ্কাগুঁড়া আর সরিষার তেল দিয়ে মিশিয়ে নিতে হবে।

এবার একটা লোহার তাওয়াতে কলাপাতা দিয়ে তার ওপর তেল মাখিয়ে পুরো মিশ্রণটাকে দিয়ে দিতে হবে।

সম্পূর্ণ অল্প আঁচে একটা পিঠ ভালো করে পোড়া হলে অন্য একটা কলাপাতার ওপর তেল মাখিয়ে সেটা ওপরে দিয়ে উল্টে দিতে হবে, তারপর ওপর পিঠটা পোড়ার জন্য সেটিকে আবার অল্প আঁচে রান্না করতে হবে।

এইভাবে সম্পূর্ণ রান্না হয়ে গেলে এমনই গন্ধ বেরোবে, তাতেই বোঝা যাবে যে রান্নাটা সম্পূর্ণ হয়েছে।

গরম ভাতের সঙ্গে পরিবেশন করো চিংড়ি পিঠে!

“যে মহাশক্তির হয় না বিসর্জন
অন্তরে বাহিরে প্রকাশ যার অনুক্ষণ
মন্দিরে দুর্গে রহে না যে বন্দী
সেই দুর্গারে দেশ চায়।
...

মাগো চিন্ময়ী রূপ ধরে আয়”-

মুছে যাক সকল কালিমা , সকল অন্ধকার , সকল কলুষতা
।
মানবিক চেতনার হোক উন্মেষ ...
ঐকতানের মাতৃ বন্দনা তবেই সার্থক হবে ।

“There was never a night or a problem that could defeat sunrise or hope.” —

Let’s rise in hope today and always

Oikyotan family

Designed by Digital Diaries